আজকের কাগজ

তারিখ ... 26 SEP 1991 ...
পৃষ্ঠা ... ৫ ... কলাম ... ৩ ...

74

# ঢাকা বিশ্ববিদ্যালয়ের স্থগিত কোর্স পদ্ধতির পরীক্ষার নতুন তারিখ

**কাগজ প্রতিবেদক :** ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোর্স পদ্ধতির স্থগিত পরীক্ষাগুলোর নতুন তারিখ ঘোষণা করা হয়েছে।

গতকাল বুধবার উপাচার্য মনিরুজ্জামান মিঞার সভাপতিত্বে বিশ্ববিদ্যালয়ের সকল অনুষদের ডীন এবং বিভাগীয় চেয়ারম্যানদের এক সভায় এ কথা জানানো হয়।

সভায় বলা হয়, বিভিন্ন শ্রেণীর ছাত্রছাত্রীদের পরীক্ষার তারিখ সন্ত্রাস ও ক্যাম্পাসে বিরাজমান অস্থিরতার কারণে কয়েকবার পরিবর্তন করতে হয়েছে।

**পরীক্ষা শুরুর তারিখ :** প্রথম বর্ষ অনার্স (বিজ্ঞান) ১৯৯০– ৯ অক্টোবর '৯১। প্রথম বর্ষ সাবসিডিয়ারী (বিজ্ঞান) ১৯৯০– ২৪ অক্টোবর '৯১। তৃতীয় বর্ষ অনার্স (বিএ/বিএসএস) ১৯৮৯– ২৪ অক্টোবর '৯১। তৃতীয় বর্ষ অনার্স (বিএসসি/বি ফার্ম) ১৯৮৯– ২৬ অক্টোবর '৯১। প্রথম পর্ব এম এ/এম এস এস, ১৯৮৯– ২৮ অক্টোবর '৯১। প্রথম পর্ব এমএসসি, ১৯৮৯– ২৯ অক্টোবর '৯১। শেষ পর্ব এম এ/এম এস এস ১৯৮৮– ২৪ অক্টোবর '৯১। শেষ পর্ব এম এস সি/ এম ফার্ম ১৯৮৮– ২৬ অক্টোবর '৯১।